উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভালুকা/উপজেলা কমিটি/২০২৩-                                      তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রিঃ।

## নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/১০/২০২৩ খ্রিঃ তারিখ সকাল **১১.০০** ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

( মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান........................................ইউপি,ভালুকা,ময়মনসিংহ।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

# প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ১৪/১০/২০২৩ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২:৩০ ঘটিকায়

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য সচিব কে ভালুকা উপজেলার প্রাথমিক শিক্ষা কার্যক্রমের বর্তমান পরিস্থিতি উপস্থাপন করতে আহবান জানান।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভায় সদস্য সচিব জানান বৈশ্বিক করোনা মহামারী এর প্রভাবে সরকারীভাবে ঘোষনার কারণে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ ১৭ মার্চ’২০২০ খ্রি. হতে বন্ধ রয়েছে। তবে শিক্ষার্থীদের পড়াশোনোর ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় প্রাথমিক শিক্ষাকে আরো গতিশীল করার জন্য বিদ্যালয় সমূহের সকল শিক্ষক এখনো ডিজিটাল পদ্ধতিতে কন্টেন্টে প্রস্তুত করতে পারছে না।ার অনেকে যথাযথভাবে অপরেটও করতে পারছেনা। এ ব্যাপারে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হলে শিক্ষকগণ অনলাইন ক্লাস আরো আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে পারবেন। যদি প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদানের উপর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা যায় তাহলে উপজেলায় প্রাথমিক শিক্ষার মান আরো বৃদ্ধি পাবে।<br>সভায় সদস্যগণ বিস্তারিত আলোচনা করে মতামত দেন যে যদি উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যায় তাহলে উপজেলার প্রাথমিক শিক্ষায় নিম্নোক্ত অর্জনসমূহ সাধীত হবে-<br>❖ শিক্ষকরা ডিজিটাল কন্টেন্ট সম্পর্কে জানবে ও তৈরী করবে।<br>❖ শিক্ষকরা ডিজিটাল কন্টেন্ট তৈরী করবে এবং শিক্ষার্থীদের কন্টেন্টর মাধ্যমে ক্লাস নিবে। শিক্ষার্থীরা আনন্দঘন পরিবেশে পাঠদান গ্রহন করবে।<br>❖ উপজেলায় শিক্ষার মানউন্নয়ন ভূমিকা রাখবে ।<br>❖ ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ভূমিকা রাখবে ।<br>❖ এসডিজি বাস্তবায়নে অগ্রগতি হবে।<br>উপজেলা শিক্ষা অফিসার এক্ষেত্রে তহবিল সীমাবদ্ধতার কথা জানালে উপস্থিত সদস্যগন উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষে ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে দাখিল করে অনুমোদনের মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায় একটি প্রশিক্ষন আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে সুপারিশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায়- উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি প্রশিক্ষন উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা পরিষদের নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সহকারী প্রোগ্রামার, ভালুকা, ময়মনসিংহকে অনুরোধ জানানো হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের সকলকে আরো আন্তরিকতার সহিত কাজ করার জন্য অনুরোধ করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষণা করেন।

(মোঃ মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা
ময়মনসিংহ।

স্মারক নং- তারিখঃ ১৪/১০/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। অফিস কপি

উপজেলা শিক্ষা অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

## ১৪/১০/২০২৩ খ্রিঃ তারিখ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু,<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, ভালুকা। | আহবায়ক | |
| ০২ | জনাব সেলিনা আক্তার,<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, ভালুকা। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান,<br>৩নং ভরাডোবা ইউনিয়ন পরিষদ,<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান,<br>১০নং হবিরবাড়ী ইউনিয়ন পরিষদ,<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার,<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য সচিব | |